# নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০২১

( ২০২১ সনের ০৭ নং আইন )

## ২০২১ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে প্রনীত আইন

যেহেতু ২০২১ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

**সংক্ষিপ্ত শিরোনাম**

১। এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০২১ নামে অভিহিত হইবে।

**২০২০-২০২১ অর্থবৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ১৩৯৮৭,২৭,৩২,০০০ (তেরো হাজার নয়শত সাতাশি কোটি সাতাশ লক্ষ বত্রিশ হাজার) টাকা প্রদান**

২। ২০২১ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরে যেই সকল ব্যয় উক্ত বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলে কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত ১৩৯৮৭,২৭,৩২,০০০ (তেরো হাজার নয়শত সাতাশি কোটি সাতাশ লক্ষ বত্রিশ হাজার) টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

**নির্দিষ্টকরণ**

৩। এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০২১ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।